



প্রতিদিন বাকশিবো এর ওয়েবসাইট  
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং  
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
Website : www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.১৮.৩৩

তারিখ : ২০-০২-২০১৮ খ্রিঃ

### ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের TC, PC ও GPA নম্বর অনলাইনে এন্ট্রি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের পরীক্ষায় প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদের **TC, PC ও GPA নম্বর** অনলাইনে প্রেরণের সময়সীমা ২২-০১-২০১৮ হতে ০১-০২-২০১৮ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। নির্ধারিত সময়ের মধ্যে যে সকল প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের TC, PC ও GPA নম্বর অনলাইনে আংশিক/ পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করেনি উক্ত প্রতিষ্ঠান সমূহকে অনলাইনে TC, PC ও GPA নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) এন্ট্রি করার জন্য আগামী ২০-০২-২০১৮ থেকে ২৬-০২-২০১৮ তারিখ পর্যন্ত পুনরায় সুযোগ দেয়া হলো।

#### TC, PC ও GPA নম্বর অনলাইনে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করতে হবে :-

- \* ফরম ফিলাপকৃত সকল পরীক্ষার্থীর TC, PC ও GPA নম্বর এন্ট্রি করা।
- \* কোর্স স্ট্রাকচার অনুসরণ করে সংশ্লিষ্ট বিষয়ের TC, PC অংশের মোট নম্বর ও পাস নম্বর নিশ্চিত হয়ে এন্ট্রি করা।
- \* এন্ট্রিকৃত নম্বরের হার্ডকপি মিলিয়ে দেখা।
- \* বোর্ডে জমাকৃত সকল হার্ডকপির এক সেট ফটোকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করা।

উল্লেখ্য, উক্ত সময়ের মধ্যে ব্যবহারিক কেন্দ্র কর্তৃক PF নম্বরও এন্ট্রি করা যাবে।

বর্ণিত সময়ে মধ্যে উক্ত নম্বরসমূহ অনলাইনে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ জানানো হলো। এ সকল নম্বর যথাযথভাবে প্রেরণ না করার কারণে কোন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশে জটিলতা সৃষ্টি হলে তার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানই দায়ী থাকবে।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন- ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.১৮.৩৩(৯)

তারিখ : ২০-০২-২০১৮ খ্রিঃ

#### অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সচিব, পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, .....
৪. অধ্যক্ষ/পরিচালক, .....
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিট ওয়েবসাইটে প্রকাশ এবং স্ক্রলবারে প্রচারের অনুরোধসহ)।
৭. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

